

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়  
গৌরনদী, বরিশাল।

স্মারক নং-০৫.১০.০৬৩২.০০.০০০.০০১.২০২১-  
৯৩০,

তারিখ: ১৬ অগ্রহায়ণ  
১৪২৮  
০১ ডিসেম্বর ২০২১

পুনঃনিয়োগ বিজ্ঞপ্তি

এতদ্বারা সর্বসাধারণের অবগতি ও বহুল প্রচারের জন্য জানানো যাচ্ছে যে, এ উপজেলাধীন নিম্নোক্ত ইউনিয়নসমূহের মহল্লাদারের শূন্য পদে প্রচলিত আর্থিক বিধি বিধান অনুযায়ী লোক নিয়োগ করা হবে। আগ্রহী প্রার্থীগণ (পুরুষ ও মহিলা) নিম্নলিখিত শর্ত সাপেক্ষে আগামী ১৯ ডিসেম্বর ২০২১ তারিখের মধ্যে নিম্নস্বাক্ষরকারীর অনুকূলে সরাসরি অথবা ডাকযোগে আবেদন করতে পারবেন। যে সকল প্রার্থী ইতঃপূর্বে আবেদন করেছেন তাদের পুনরায় আবেদন করার প্রয়োজন নাই। দফাদার পদে পদোন্নতি পেতে মহল্লাদারদের যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে।

ক্রমিক নং	ইউনিয়ন ও ওয়ার্ড নম্বর	শূন্য পদ	মন্তব্য
০১	০১নং খাঞ্জাপুর ইউনিয়ন পরিষদ ওয়ার্ড নম্বর: ০২	০১(এক)	
০২	০৩নং চাদশী ইউনিয়ন পরিষদ ওয়ার্ড নম্বর: ০৯	০১(এক)	
০৩	০৪নং মাহিলাড়া ইউনিয়ন পরিষদ ওয়ার্ড নম্বর: ০১,০২, ০৪, ০৫, ০৬ ও ০৮	০৬(ছয়)	
০৪	০৬নং বাটাজোড় ইউনিয়ন পরিষদ ওয়ার্ড নম্বর: ০১, ০২, ০৩, ০৫, ০৬ ও ০৯	০৬(ছয়)	
০৫	০৭নং সরিকল ইউনিয়ন পরিষদ ওয়ার্ড নম্বর: ০১, ০৮	০২(দুই)	
মোট		১৬ টি (ষোল)	

শর্তসমূহঃ


- ১। প্রার্থীকে অবশ্যই জন্মসূত্রে সংশ্লিষ্ট ইউনিয়নের স্থায়ী নাগরিক হতে হবে;
- ২। প্রার্থীর বয়স এ নিয়োগ বিজ্ঞপ্তির জারির তারিখ থেকে ৩০ বছরের মধ্যে হতে হবে তবে মুক্তিযোদ্ধাদের সন্তান ও পোষ্যদের ক্ষেত্রে বয়সসীমা ৩২ বছরের মধ্যে হতে হবে;
- ৩। প্রার্থীকে তার আবেদন পত্রের সহিত সদ্য তোলা পাসপোর্ট আকারের ০২(দুই) কপি ছবি, নাগরিক সনদপত্র ও জাতীয় পরিচয় পত্রের সত্যায়িত কপি দাখিল করতে হবে।
- ৪। প্রয়োজনীয় শারীরিক যোগ্যতা শিক্ষাগত ও মানসিক, কমপক্ষে অষ্টম শ্রেণি উত্তীর্ণ বা কোন স্বীকৃত বোর্ড হতে জুনিয়র স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে;
- ৫। প্রার্থীর পূর্ববর্তী কার্যকলাপ সংশ্লিষ্ট থানা বা যথাযোগ্য এজেন্সীর মাধ্যমে প্রতিপাদিত এবং বাহিনীর চাকরিতে নিয়োগ লাভের জন্য উপযুক্ত হতে হবে;
- ৬। সাইকেল চালনায় পারদর্শী হতে হবে।

মহল্লাদার নিয়োগের ক্ষেত্রে শারীরিক যোগ্যতাঃ

পুরুষ প্রার্থীর ক্ষেত্রে	মহিলা প্রার্থীর ক্ষেত্রে
<ul style="list-style-type: none"><li>সর্বনিম্ন উচ্চতা ৫ ফুট ২ ইঞ্চি</li><li>বুকের মাপ ৩০ ইঞ্চি(স্বাভাবিক), ৩২ ইঞ্চি (সম্প্রসারণ)</li><li>সর্বনিম্ন ওজন ৫০ কেজি</li></ul>	<ul style="list-style-type: none"><li>সর্বনিম্ন উচ্চতা ৫ ফুট</li><li>বুকের মাপ ২৮ ইঞ্চি(স্বাভাবিক), ৩০ ইঞ্চি (সম্প্রসারণ)</li><li>সর্বনিম্ন ওজন ৪৫ কেজি</li></ul>

মহল্লাদার পদে নিয়োগের ক্ষেত্রে বিবেচ্য বিষয়সমূহঃ

- মহল্লাদার পদে সংশ্লিষ্ট ইউনিয়ন বা সম্ভব হলে ওয়ার্ড হতে নিয়োগ প্রদান করতে হবে;
- মহল্লাদার এর শূন্য পদে লোক নিয়োগের ক্ষেত্রে উপরে উল্লিখিত শর্ত বা যোগ্যতায় উপযুক্ত বিবেচিত হলে মৃত বা অবসরপ্রাপ্ত মহল্লাদারের পুত্র, কন্যা বা প্রত্যক্ষ পোষ্যদের অগ্রাধিকার দেওয়া হবে।



বিপিন চন্দ্র বিশ্বাস  
উপজেলা নির্বাহী অফিসার  
গৌরনদী, বরিশাল


=০২=

স্মারক নং-০৫.১০.০৬৩২.০০.০০০.০০১.২০২১-  
৯৩০,

তারিখ: ১৬ অগ্রহায়ণ ১৪২৮  
০১ ডিসেম্বর ২০২১

অনুলিপি সদয় অবগতি ও বহুল প্রচারের জন্য অনুরোধসহ প্রেরণ করা হলোঃ

- ১। জেলা প্রশাসক, বরিশাল। সদয় অবগতির জন্য।
- ২। উপপরিচালক, স্থানীয় সরকার, জেলা প্রশাসকের কার্যালয়, বরিশাল।
- ৩। উপজেলা.....গৌরনদী, বরিশাল। ব্যাপক প্রচারের জন্য।
- ৪। সহকারী প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, গৌরনদী, বরিশাল। উক্ত পুনঃনিয়োগ বিজ্ঞপ্তিটি নিম্নস্বাক্ষরকারী ওয়েব সাইটে প্রচারের জন্য অনুরোধ করা হলো।
- ৫। চেয়ারম্যান, .....ইউনিয়ন পরিষদ, গৌরনদী, বরিশাল। উক্ত পুনঃনিয়োগ বিজ্ঞপ্তিটি আপনার ইউনিয়ন পরিষদের ওয়েব সাইটে প্রচারসহ হাট-বাজারে মাইক/ তোল শহরতের মাধ্যমে ব্যাপক প্রচারের জন্য অনুরোধ করা হলো।
- ৬। ইউ,পি সচিব, .....ইউনিয়ন পরিষদ(সংশ্লিষ্ট ইউ,পি), গৌরনদী, বরিশাল। উক্ত পুনঃনিয়োগ বিজ্ঞপ্তিটি আপনার ইউনিয়ন পরিষদের ওয়েব সাইটে প্রচারের জন্য অনুরোধ করা হলো।



বিপিন চন্দ্র বিশ্বাস  
উপজেলা নির্বাহী অফিসার  
গৌরনদী, বরিশাল